

নম্বর ১২.১৫.০০০০.০০১.৩৯.০০১.১৭.৯১৬

তারিখ ১৬ পৌষ ১৪২৬
৩১ ডিসেম্বর ২০১৯

নোটিশ

বিষয়: ইনোভেশন কমিটির মাসিক সভা।

ইনোভেশন কমিটির সকল সদস্যের সদয় অবগতির জন্য জানান যাচ্ছে যে, অদ্য ৩১/১২/২০১৯ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৪.০০ ঘটিকায় ইনোভেশন কমিটির সভাপতি ও উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) এর অফিস কক্ষে মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় ইনোভেশন টিমের সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

আলোচ্য বিষয়ঃ

১. ইনোভেশনের কার্যক্রমের অগ্রগতি
২. নাটার প্লান্ট প্রটেকশন মিউজিয়াম ডিজিটাইজেশন এর অগ্রগতি
৩. ডিজিটাল সার্ভিস এর অগ্রগতি
৪. বিবিধ



৩১-১২-২০১৯

ড. মোঃ ছাইদুর রহমান

উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)

ফোন: 02-49272107

সদয় অবগতি ও কার্যার্থে শ্রেয়ণ করা হল:

- ১) উপ-পরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা), নাটা, গাজীপুর
- ২) সিনিয়র সহকারী পরিচালক (হটিকালচারাল ক্রপ ডিজিজ), নাটা, গাজীপুর
- ৩) সিনিয়র সহকারী পরিচালক (বায়োটেকনোলজি), নাটা, গাজীপুর
- ৪) সিনিয়র সহকারী পরিচালক (পরিবেশ ও কৃষি বনায়ন), নাটা, গাজীপুর

ইনোভেশন কমিটির মাসিক সভার কার্যবিবরণী


সভার তারিখ : ৩১/১২/২২০১৯ খ্রি:
সময় : বিকাল ৪.০০ ঘটিকা
স্থান : সভাপতি/ ইনোভেশন অফিসার এর অফিস কক্ষ
সভাপতি : ড. মোঃ ছাইদুর রহমান, উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)
ও ইনোভেশন অফিসার, নাটা, গাজীপুর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি ড. মোঃ ছাইদুর রহমান, উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|------|--|--|--|
| ১ | ইনোভেশন অগ্রগতিঃ ড. মোঃ ছাইদুর রহমান, ডিডি (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা সভায় বলেন উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার আয়োজন করতে হবে। পরে বিস্তারিত আলোচনা শেষে দুত কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) জানুয়ারি/২০২০ মাসের ইন-হাউজে কর্মশালার আয়োজন। | কোর্স কো-অর্ডিনেটর, ইন-হাউজ প্রশিক্ষণ/ক্যাটাগরি-এ), নাটা, গাজীপুর। |
| ২ | প্লান্ট প্রোটেকশন মিউজিয়াম ডিজিটাইজেশনঃ ইনোভেশন কমিটির সদস্য মোঃ সাইফুল ইসলাম, এসএডি, নাটা সভায় জানান নাটার প্লান্ট প্রোটেকশন মিউজিয়ামের সকল স্পেসিমেনের নাম ও অন্যান্য তথ্যাবলী কম্পিউটারাইজড করা সম্পন্ন হয়েছে। তথ্যগুলো ডিজিটাইজড করার পরবর্তী পদক্ষেপ নেওয়ার জন্য ড. মোঃ ছাইদুর রহমান, ডিডি (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটার দৃষ্টি আর্কষণ করেন। পরে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) দুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা। | সভাপতি, ইনোভেশন কমিটি, নাটা। |
| ৩ | ডিজিটাল সার্ভিস অগ্রগতিঃ জনাব মোঃ হাফিজ হাসান, এসএডি, নাটা সভায় জানান যে, সংশোধিত Training MIS এর ডেমো আবারও প্রদর্শনের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। বিস্তারিত আলোচনা শেষে Training MIS টি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) দুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা। | ক) সভাপতি, ইনোভেশন কমিটি, নাটা। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

ড. মোঃ ছাইদুর রহমান
উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)
ও
ইনোভেশন অফিসার, নাটা, গাজীপুর।